# উপসর্গ

তানহি খান তানহা

# উপসর্গ

# উপসর্গ

- উপসর্গ’ শব্দটি সংস্কৃত বা তৎসম ভাষার শব্দ।
- উপসর্গ বাংলা ব্যাকরণের শব্দতত্ত্বে বা রূপতত্ত্বে আলোচিত হয়।
- উপসর্গের কাজ নতুন শব্দ গঠন করে
- প্রত্যেকটি উপসর্গ এক একটি অব্যয়সূচক শব্দ।
- উপসর্গ শব্দটি অর্থগতভাবে রূঢ়/ রূঢ়ি শব্দ

# উপসর্গ

যে অর্থহীন শব্দাংশ অন্য শব্দের শুরুতে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে উপসর্গ বলে।

সুনজর (সু + নজর), অভিযোগ (অভি + যোগ), বেতার (বে + তার) প্রভৃতি শব্দের ‘সু’, ‘অভি’, ‘বে' হলো উপসর্গ।

# উপসর্গ

- উপসর্গ সব সময় মূল শব্দ বা ধাতুর পূর্বে যুক্ত হয়।

- **উপসর্গ** হলো কিছু অর্থহীন শব্দাংশ, যেগুলি অন্য শব্দের শুরুতে বসে নতুন শব্দ গঠন করে। এর কাজ হলো নতুন নতুন শব্দ গঠন করা।

- উপসর্গের নিজস্ব কোনো অর্থ নেই, তবে এগুলো অন্য শব্দের সাথে যুক্ত হয়ে বিশেষ অর্থ প্রকাশ করে থাকে।

# ‘অর্থবাচকতা’ ও ‘অর্থদ্যোতকতা’

- **‘অর্থবাচকতা’** বলতে বোঝায় তার নিজস্ব অর্থ। আর **‘অর্থদ্যোতকতা’** হলো অর্থ সৃষ্টির ক্ষমতা।

- ‘উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে', অর্থাৎ উপসর্গের নিজস্ব কোন অর্থ নেই কিন্তু অন্য শব্দের আগে বসে নতুন শব্দ তৈরি করতে পারে।

# উপসর্গের কাজ

১. নতুন অর্থবোধক শব্দ তৈরি করে। যেমন- প্র + ভাত = প্রভাত

২. শব্দের অর্থের পূর্ণতা সাধন করে। যেমন- পরি + ভ্রমণ = পরিভ্রমণ

৩. শব্দের অর্থের সম্প্রসারণ ঘটায়। যেমন- সম্ + পূর্ণ = সম্পূর্ণ

৪. শব্দের অর্থের সংকোচন ঘটায়। যেমন- সু + নজর = সুনজর

৫. শব্দের অর্থের পরিবর্তন ঘটায়। যেমন- অনা + বৃষ্টি = অনাবৃষ্টি

৬. শব্দের বিপরীত অর্থ প্রদান করে। যেমন- গর + হাজির = গরহাজির

# প্রশ্ন যেভাবে হতে পারে

- অভাব অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি?
- কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত?
- কদাকার শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?
- ‘অপ’ কী ধরণের উপসর্গ?

# বাংলা ভাষায় সাধারণত ৩ ধরনের উপসর্গ ব্যবহৃত হতে দেখা যায়

- বাংলা উপসর্গ ✓
- সংস্কৃত বা তৎসম ✓
- বিদেশি উপসর্গ ✓

# খাঁটি বাংলা উপসর্গ

বাংলা ভাষায় ব্যবহৃত খাঁটি বাংলা উপসর্গ একুশটি



# বাংলা উপসর্গ ২১ টি

অ, অনা, অজ, অঘা,

আ, আড়, আন, আব,

স, সা, সু, হা

ইতি, উন,

কদ, কু, নি,

পাতি, বি, ভর, রাম

# সংস্কৃত (তৎসম) উপসর্গ

বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গ বিশটি

# সংস্কৃত (তৎসম) উপসর্গ

প্র, পরা, পরি, প্রতি

অতি, অধি, অপি, অভি, অপ, অব, অনু, আ

নি, নির

সু, সম,

বি, উৎ, দুর, উপ

# বিদেশি উপসর্গ

আরবি, ফারসি, ইংরেজি ও উর্দু- হিন্দি এইসব ভাষার উপসর্গ বাংলা ভাষায় প্রচলিত রয়েছে।

# আরবি, ফারসি, ইংরেজি ও উর্দু- হিন্দি

- আরবি-  আম, খাস, লা, গর, খয়ের, বাজে
- ফারসি- বদ্ , বর্ , নিম্ , ফি, কম্ , বে্, দর্ , কার্ না
- ইংরেজি- হেড, সাব, হাফ, ফুল
- উর্দু-হিন্দি- হর

# কমন উপসর্গ ( বাংলা, তৎসম)

আ সু বি নি

# কোন উপসর্গ?

আকণ্ঠ- এখানে কোন উপসর্গ?

# বাংলা

- **আ** -আকাঁড়া, আধোয়া, আলুনি, আকাঠা, আগাছা।
- **সু** -সুনজর, সুদিন, সুকাজ, সুখবর
- **বি** -বিভূঁই, বিপথ।
- **নি** -নিলাজ, নিরেট, নিভাজ, নিখুঁত

# তৎসম

- **আ**- আকণ্ঠ, আমরণ, আসমুদ্র, আরক্ত, আভাস, আগমন।
- **সু**- সুকণ্ঠ, সুকৃতি, সুচরিত্র, সুপ্রিয়, সুনীল, সুগম, সুসাধ্য, সুলভ, সুচতুর, সুকঠিন, সুধীর, সুনিপুণ, সুতীক্ষ্ণ।
- **বি**- বিধৃত, বিশুদ্ধ, বিজ্ঞান, বিবস্ত্র, বিশুষ্ক, বিনিদ্র, বিবর্ণ, বিশৃঙ্খল, বিফল, বিচরণ, বিক্ষেপ, বিকার, বিপর্যয়।
- **নি**- নিবৃত্তি, নিবারণ, নির্ণয়, নিদাঘ, নিদারুণ, নিষ্কলুষ, নিষ্কাম।

# একাধিক উপসর্গ

অপব্যবহার - অপ+বি+অব (হার)

অনুসন্ধান - অনু+সম (ধান)

অত্যাশ্চর্য - অতি+আ (চর্য)

পর্যবেক্ষণ - পরি+অব (ঈক্ষণ)

উপসংহার - উপ+সম (হার)

অত্যাচার - অতি+আ (চার)

অনুপ্রবেশ - অনু+প্র (বেশ)

পর্যালোচনা - পরি+আ (লোচনা)

প্রতিসংহার - প্রতি+সম (হার)

# একাধিক উপসর্গ

উপনিষদ - উপ+নি (সদ)

দুর্নিবার - দুর+নি (বার)

প্রত্যুপকার - প্রতি+উপ (কার)

সম্প্রদান - সম+ প্র (দান)

নিরপরাধ- নির+অপ (রাধ)

অপ্রতিরুদ্ধ - অ+প্রতি (রুদ্ধ)

অপরিমাণ - অ+পরি (মান)

অপরিকল্পিত - অ+পরি (কল্পিত)

প্রত্যাবর্তন - প্রতি+আ (বর্তন)

অবিচ্ছিন্ন - অ+বি (ছিন্ন)

অসংযত - অ+সম (যত)

অভ্যুত্থান - অভি+উৎ (স্থান)

# একাধিক উপসর্গ

অপ্রকল্প - অ+প্র (কল্প)

বিপ্রকর্ষ - বি+প্র (কর্ষ)

অবিসংবাদ - অ+বি+সম (বাদ

ব্যধিকরণ - বি+অধি (করণ)

ন্যূনতম - নি+ঊন (তম)

সমানাধিকরণ - সম+অনা+অধি (করণ)

অপ্রতিদ্বন্দ্বী - অ+প্রতি (দ্বন্দ্ব+ঈ)

সম্প্রসারণ - সম+প্র (সারণ)

সমভিব্যাহার- সম+অভি+বি+আ (হার)

অনির্বাণ - অ+নির (বান)

অপরিবর্তন - অ+পরি (বর্তন)

অত্যাসক্তি - অতি+আ (সক্তি)

# একাধিক উপসর্গ

প্রত্যাবর্তন - প্রতি+আ (বর্তন)

অবিচ্ছিন্ন - অ+বি (ছিন্ন)

অসংযত - অ+সম (যত)

অভ্যুত্থান - অভি+উৎ (স্থান)

সমাবর্তন - সম+আ (বর্তন)

সংবিধান - সম+বি (ধান)

অপরিত্যাজ্য - অ+পরি (ত্যাজ্য)

অপিনিহিতি - অপি+নি (হিত+ই)

প্রত্যাগত

কাঙ্ক্ষিত

- Thank You